যুগান্তর

২৩/৭/২০০১

তারিখ ...

পৃষ্ঠা ৭২ কলাম ৬

# অবশেষে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এক খণ্ড জমি হল

চট্টগ্রাম ব্যুরো

অবশেষে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এক খণ্ড নিজস্ব জমি হল। দীর্ঘদিন লেখালেখি ও আবেদন-নিবেদনের পর বোর্ড প্রতিষ্ঠার ৫ বছরের মাথায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বোর্ডের প্রার্থিত রেলের ৩.৯৮ একর জমি বোর্ডকে প্রতীকী মূল্যে হস্তান্তরের নির্দেশ দিয়েছেন। ২৮ জুন প্রধানমন্ত্রীর দফতর থেকে প্রেরিত এক চিঠিতে যোগাযোগ মন্ত্রণালয়ের সচিবকে (সড়ক ও রেলপথ বিভাগ) এ নির্দেশ দেয়া হয়। এদিকে এ নির্দেশের জন্য রোববার অনুষ্ঠিত চট্টগ্রাম শিক্ষা বোর্ড কমিটির এক সভায় প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জ্ঞাপন ও ধন্যবাদ জানানো হয়।

১৯৯৫ সালে তড়িঘড়ি করে শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা হওয়ার পর নগরীর পাথরতলী থানার আমবাগানের একটি ভাড়াবাড়িতে শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হয়। পরে বোর্ডের কাজের পরিধি বৃদ্ধি পেলে একটি নিজস্ব ভূমির ওপর বোর্ড প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা দেখা দেয়। বোর্ড কর্তৃপক্ষ এ জন্য পাঁচলাইশ থানার ষোলশহর রেল স্টেশনের পার্শ্ববর্তী রেলের প্রায় ৪ একর ভূমি তাদের প্রতীকী মূল্যে প্রদানের জন্য যোগাযোগ মন্ত্রণালয়ের কাছে আবেদন করেন। রেল কর্তৃপক্ষ ওই ভূমি বাজার মূল্যের চেয়ে ৩/৪ গুন বেশি (১৫ কোটি টাকা) দর চাইলে শিক্ষা মন্ত্রণালয় ও যোগাযোগ মন্ত্রণালয়ের মধ্যে টানাপোড়েন চলে দীর্ঘদিন। শেষ পর্যন্ত ২ কোটি টাকা মূল্যে ওই ভূমি চট্টগ্রাম শিক্ষা বোর্ডকে হস্তান্তরের জন্য প্রধানমন্ত্রী নির্দেশ দেন।